ঝিনাইদহে বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির খুলনা বিভাগীয় কমিটি গঠন ও আলোচনা সভা

ঝিনাইদহে বাংলাদেশ বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির আয়োজনে খুলনা বিভাগীয় কমিটি গঠন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার দিনব্যাপী ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে এ আয়োজন করা হয়। এতে বাংলাদেশ বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির সিনিয়র যুগ্ম মহা-সচিব মোঃ আব্দুস সামাদ শফি এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা চেয়ারম্যান এ্যাডঃ আব্দুর রশীদ। প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন

বাংলাদেশ বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির উপদেষ্টা আবু সালেহ মোহাম্মদ তাজিমূল ইসলাম শামীম। অনুষ্ঠানের উদ্বোধন করেন বাংলাদেশ বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির সাবেক সহ-সভাপতি প্রভাত রঞ্জন বিশ্বাস। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির প্রধান উপদেষ্টা হুমায়ন কবীর পন্ডিত, শেখ শামীম কামাল, মোঃ শাহ আলমসহ অন্যান্যরা। অনুষ্ঠান পরিচালনা করেন বাংলাদেশ বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির প্রচার সম্পাদক বাবুল আখতার। এতে খুলনা বিভাগের বিভিন্ন জেলা থেকে আগত শিক্ষক ও নেত্রবৃন্দ উপস্থিত ছিলেন।

দিনব্যাপী আলোচনা সভা শেষে খুলনা বিভাগীয় কমিটি গঠন করা হয়। এসময় বক্তারা সরকারের কাছে বেসরকারি প্রাথমিক শিক্ষকদের বিভিন্ন দাবি তুলে ধরেন।

কোটচাঁদপুরের মঙ্গলপুরে বাস

[redacted]

[redacted]

কি কারণে মানুষ গ্রাম ছেড়েছে তা, আমাদের বাপ দাদারাও বেঁচে থাকা অসস্থায় বলতে পরেননি বলে জানান তিনি।

তবে এই এলাকায় চাউর আছে, এক সময় কলেয়া গুটি বসন্ত ওই গ্রামটিতে ছড়িয়ে পড়ে। অনেক মানুষ ওই কলেরিয়া গুটি বসন্তে মারা যায়। মৃতদের মধ্যে শিশুর সংখ্যা ছিল বেশী। গ্রামে বিভিন্ন জায়গা থেকে ডাক্তার ,কবিরাজ,ওঝাঁ নিয়ে এসে ঝাড় ফুক করাসহ গ্রাম বন্ধ করেও কলেয়া গুটি বসন্ত নিয়ন্ত্রণে না আসায় ওই গ্রামে অনেকে মনে করতে থাকে কোন দৈব শক্তির কারণে এমনটি হচ্ছে। তাদের বিশ্বাস জন্মাতে থাকে এ গ্রামে থাকলে তারাও বাঁচবেনা। ভয়ে তখন মানুষ ওই গ্রাম ছাড়তে শুরু করে। ধীরে ধীরে মানুষজন ঘর বাড়ী ভেঙ্গে যে যার মত ভারতসহ দেশের সুবিধামত জায়গায় যেয়ে বসবাস শুরু করে। সেই থেকে ওই গ্রাম মানুষ শুন্য হয়ে যায়।

এলাকার ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান খাঁন বলেন, মঙ্গলপুর গ্রামের জমি জমা সব পরবর্তীতে ওই গ্রামের বসতিদের উত্তরসূরিরা বিভিন্ন জায়গা থেকে এসে পার্শ্ববর্তী গ্রামের মানুষের কাছে বিক্রি করে গেছে। এখন মঙ্গলপুর গ্রাম জুড়ে শুধুই ফল ফসলের মাঠ। তিনি বলেন, মঙ্গলপুর গ্রাম পর্যন্ত ১৮ফুট চওড়া মাটির রাস্তা ছিল। বর্তমানে রাস্তাটি তিনি হেরিং করে দিয়েছেন। রাস্তাটি এখন শুধুমাত্র মঙ্গলপুর মাঠের ফসলাদী আনা নেয়ার কাজে ব্যবহার হয়। ওই গ্রামের রাস্তার পাশেই মসজিদের নমুনা পাওয়া যায়। সেখানে মাঠে কর্মরত কৃষকেরা নামাজ আদায় করে। যে কারণে সেখানে পানির ব্যবস্থার জন্য টিউবওয়েল বসিয়ে দেয়া হয়েছে। চেয়ারম্যান মিজানুর রহমান খাঁন বলেন, এলাকাতে তেমন বয়স্ক মানুষ বেঁচে না থাকায় মঙ্গলপুর গ্রামের প্রকৃত ইতিহাস এখন আর কেউ বলতে পারবে না।

ঝিনাইদহে আন্ত:স্কুল কিশোরী ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত

ঝিনাইদহে আন্ত:স্কুল কিশোরী ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার দুপুরে সদর উপজেলার মোসলেম উদ্দিন মাধ্যমিক

বিদ্যালয় মাঠে এ মানুষের জন্য ফাউন্ডেশনের সহযোগিতায় এ প্রতিযোগিতার আয়োজন করে স্থানীয় এইড ফাউন্ডেশন। এতে ওই বিদ্যালয়ের ৬ষ্ট ও ৭ম শ্রেণীর ছাত্রীরা অংশ নেয়। নির্ধারিত ৩০ মিনিটের খেলার প্রথমার্ধে ২ গোলে এগিয়ে থাকে ৭ম শ্রেণীর ছাত্রীরা।

পরে ২য় য়ার্ধের খেলায় পুরোটা সময় প্রতিপক্ষের নেটে বল দেওয়ার চেষ্টা করেও ব্যার্থ হয় ৬ষ্ট শ্রেণীর ছাত্রীরা। এতে ২-০ গোলে চ্যাম্পিয়ন হয় ৭ম শ্রেণী।

খেলা শেষে বিজয়ী দলের মাঝে ট্রফি তুলে দেন অতিথিবৃন্দ। এসময় বিদ্যালয়ের প্রধান শিক্ষক আলী বর্দী বিশ্বাস, প্রাক্তণ সভাপতি শরিফুল ইসলাম, এইড’র জেন্ডার ভিত্তিক সহিংসতা প্রতিরোধ প্রকল্পের প্রকল্প সমন্বয়কারী খন্দকার আশরাফুন্নাহার আশাসহ নানা শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

জেন্ডার ভিত্তিক সহিংসতা প্রতিরোধে শিক্ষার্থীদের সচেতনতা বৃদ্ধির জন্যই এ আয়োজন বলে জানান আয়োজকর। জেন্ডার ভিত্তিক সহিংসতা মোকাবেলায় দেশের প্রতিটি বিদ্যালয়ে এ ধরনের ফুটবল প্রতিযোগিতা আয়োজন করার দাবী তাদের।

কোটচাঁদপুরে ১৮ কোটি টাকা ব্যায়ে সড়ক সংস্কার কাজের উদ্বোধন

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার চাঁদপাড়া-তালিনা-জালালপুর-তালশার বাজার-দোড়া-লক্ষীপুর ও খালিশপুরের দীর্ঘ ২৫ কিলোমিটার সড়ক ১৭ কোটি ৯৯ লক্ষ টাকা ব্যায়ে সংস্কার কাজের উদ্বোধন করা হয়েছে।

পিএমপি (ম্যাজোর) এর অর্থায়নে এবং সড়ক ও জনপথ বিভাগের বাস্তবায়নে গতকাল বুধবার বিকালে খালিশপুর বাজারের গবিন্দপুর মোড়ে মোড়ক উম্মোচন করে সড়ক উন্নয়নের কাজের উদ্বোধন করেন,

ঝিনাইদহ-৩ আসনের জাতীয় সংসদ সদস্য অ্যাড.শফিকুল আজম খাঁন চঞ্চল।

পরে সাফদারপুর ইউনিয়ন আওয়ামী লীগের আয়োজনে স্থানীয় আঁখ সেন্টার ঈদগাহ ময়দানে এক উদ্বোধনী জনসভা অনুষ্ঠিত হয়।

সাফদাপুর ইউপি চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি নওশের আলী নাসিরের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জাতীয় সংসদ সদস্য অ্যাড. শফিকুল আজম খাঁন চঞ্চল।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, কুষ্টিয়া সড়ক সার্কেলের তত্বাবধায়ক প্রকৌশলী আবু হেনা মোস্তফা কামাল, ঝিনাইদহ সড়ক বিভাগের নির্বাহী প্রকৌশলী জিয়াউল হায়দার, কোটচাঁদপুর উপজেলা চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি, সাধারণ সম্পাদক শাহাজান আলী, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি।

এছাড়াও উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি নুরুল ইসলাম বাবলু, যুগ্ন-সম্পাদক সামাউল হক লাড্ডু, সাফদারপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শেখ মো: খালিদ হোসেন, দোড়া ইউপি চেয়ারম্যান কাবিল উদ্দীন বিশ্বাস, ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান খাঁন, ইউপি চেয়ারম্যান আব্দুল হান্নান, পৌর আওয়ামী লীগের যুগ্ন-আহ্বায়ক শহীদুজ্জামান সোলিম, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, দোড়া ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আজগর আলী, মুক্তিযোদ্ধা কায়দার রহমানসহ উপজেলা ও ইউনিয়ন আওয়ামী লীগ ও অঙ্গ সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

মেপ্র/আরপি

হরিনাকুণ্ডুর উচ্চাঙ্গ সংগীত শিল্পী আইভি ট্যালেন্টপুলে

বৃত্তি পেয়েছে

দেশসেরা উচ্চাঙ্গ সংগীতের খুদে শিল্পী হরিনাকুন্ডুর শামীমা আক্তার আইভি এবছর প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় হরিনাকুন্ডু মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয় থেকে ট্যালেন্টপুলে বৃত্তি পেয়েছে।

সে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় ৫৮৫ নম্বর পেয়ে উপজেলায় মেয়েদের মধ্যে দ্বিতীয় স্থান অর্জন করে।

আইভি পর পর দু’বার উচ্চাঙ্গ সংগীতে প্রথম হয়ে প্রেসিডেন্ট অ্যাড. আব্দুল হামিদ এবং স্পিকার ড. শিরিন শারমিনের নিকট থেকে দেশসেরার পদক গ্রহন করে।

সে হরিনাকুন্ডু উপজেলার পারফলসী গ্রামের প্রভাষক বাবুল আক্তার ও মেহেরুন নেছার এক মাত্র কন্যা।

ভবিষ্যতে সে সংগীতের উপর উচ্চ শিক্ষা অর্জন করেত চাই। সকলের নিকট দোয়া প্রার্থী।

মেপ্র/আরপি

ঝিনাইদহে হাম-রুবেলা টিকাদান ক্যাম্পেইন এর প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

ঝিনাইদহ ইসলামিক ফাউন্ডেশনের উদ্দ্যোগে হাম-রুবেলা টিকাদান ক্যাম্পেইন-২০২০ উদযাপন উপলক্ষে জেলা পর্যায়ে এ্যাডভোকেসি সভা অনুষ্ঠিত হয়েছে।

ইসলামিক ফউন্ডেশন উপ-পরিচালক আব্দুল হামিদ খান এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সরোজ

কুমার নাথ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সিভিল সার্জন ডা: সেলিনা বেগম, মুফাসসির ইসলামিক ফাউন্ডেশন ঢাকা ড. মোহাম্মদ আবু সালেহ পাটোয়ারী।

প্রশিক্ষণ কর্মশালায় অতিথিবৃন্দ বলেন, সুস্থ ও সুন্দর জাতি গঠনে দেশব্যাপী হাম-রুবেলা টিকাদান ক্যাম্পেইন-২০২০শুরু হয়েছে।

এ উপলক্ষে আগামী ১৮মার্চ থেকে ২৪ মার্চ স্কুল পর্যায়ে এবং ২৮মার্চ থেকে ১১ এপ্রিল পর্যন্ত কমিউনিটি পর্যায়ে টিকাদান করা হবে। এ কার্যক্রম দেশের সকল শিশু যাদের বয়স ৯মাস থেকে ৯বছর ১১মাস ২৯দিন হবে তাদের সকলে যেন এ টিকা নিতে পারে সে লক্ষ্যে সকল মসজিদের ইমাম গণ জুম্মার খুদবার আগে এবং নামাজের পরে এলাকার জনসাধারণকে অবহিত করবেন।

এছাড়া শিক্ষকসহ সকলে একযোগে প্রচার প্রচারণা চালাতে হবে যাবে করে হাম-রুবেলা টিকাদান ক্যাম্পেইন থেকে একটি শিশুও বাদ না পড়ে। এ বিষয়ে সদর হাসপাতাল ডা: তালাত তাসনীম প্রজেক্টরের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করেন।

মেপ্র/আরপি

ঝিনাইদহ কোর্টে ভূয়া উকিল সেজে হাতিয়ে নিচ্ছে হাজার হাজার টাকা!!

ঝিনাইদহ জজ কোর্টের উকিল বারের নাম ভাঙিয়ে নিজেকে উকিল পরিচয়ে প্রতারণা করে যাচ্ছেন। নাসির উদ্দীন নামে এক প্রতারক।
নাসির উদ্দীন ঝিনাইদহ সদর উপজেলার নারিকেল বাড়িয়া গ্রামের আকবর হোসেন মোল্লার ছেলে।

জানা গেছে, নাসির উদ্দীন আর এফ এল কোম্পানীতে চাকরি করত।

কিছুদিন পর সে চাকরি ছেড়ে চলে এসে, সখ্যতা গড়ে তোলে ঝিনাইদহ উকিল বারের এক উকিলের সাথে, কোর্ট চত্ত্বরে সে উকিল পরিচয় দিয়ে মামলার কাজ হাতে নিয়ে, হাতিয়ে নিচ্ছে হাজার হাজার টাকা অথচ তার আইনজীবী সহকারী হওয়ার অনুমোদন বা আইনজীবী সনদ নেই।

তথ্য সংগ্রহ করতে গেলে দেখা যায়, নাসির উদ্দীনের হাতে দলিল ও পর্চা পাশেই বসে ছিল ভুক্তভোগি প্রতারিত সাধারন মানুষ। স্বপন মিয়া নামে একজন জানান, সে দীর্ঘদিন ধরে দলিলের ফটোকপির সাথে টাকাও দিয়েছে মিলছে না পর্চা কোর্ট চত্ত্বরে ঘুরছি দিনের পর দিন।

এ বিষয়ে ঝিনাইদহ জেলা আইনজীবী সমিতির সভাপতি,খান আখতারুজ্জামান জানান, নাসির উদ্দীন নামে কোন উকিল বা শিক্ষানবিশ আইনজীবী আমাদের বারে নাই। ভুয়া ক্লার্ক ও ভুয়া আইনজীবীদের এখানে প্রবেশে নিষেধাজ্ঞা দিয়েছি। ইতোমধ্যে আমাদের নির্বাহী পরিষদ থেকে একটি কমিটি গঠন করা হয়েছে এবং যাহারা এখানে ভুয়া আইনজীবী সেজে আদালতের ভাবমূর্তি নষ্ট করছে তাদের একটি তালিকাও করা হয়েছে আমরা এদের বিরুদ্ধে পদক্ষেপ নিব।

এ সময় জেলা আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক জাকারিয়া মিলন জানান, আমি ইতিমধ্যে নাসির উদ্দীন নামে এই প্রতারকের ব্যাপারে জেনেছি সে আমাদের বারের কেউ না, তার বিরুদ্ধে আমরা যথাযথ ব্যবস্থা নিব।

ঝিনাইদহ জেলা জাসদের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

জাতীয় সমাজতান্ত্রিক দল (জাসদ) ঝিনাইদহ জেলা শাখার ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। সোমবার দিনব্যাপী ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সকালে জাতীয় ও দলীয় পতাক উত্তোলনের মধ্য দিয়ে সম্মেলনের

উদ্বোধন করেন জাসদের কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি শফিউদ্দিন মোল্লা। পরে অনুষ্ঠিত হয় আলোচনা সভা। সম্মেলন প্রস্তুতি কমিটির আহ্বায়ক চন্দন চক্রবর্তীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাসদ কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক ওবায়দুর রহমান চুন্নু,।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক আব্দুল আলিম স্বপন, জাতীয় যুবজোটের সাধারণ সম্পাদক শরিফুল ইসলাম স্বপন, মাগুরা জেলা জাসদের সভাপতি অহিদুল ইসলাম, কেন্দ্রীয় নেতা অসিত সিংহ রায়, যুবজোট নেতা শামিম আক্তার বাবু, শৈলকুপা উপজেলা শাখার সভাপতি সরাফত ইসলাম, সাধারণ সম্পাদক আব্দুল আজিজ খান। অনুষ্ঠানের প্রথম পর্বের আলোচনা শেষে ত্রি-বার্ষিক কমিটি গঠন করা হয়।

ঝিনাইদহ সদর থানার নতুন ওসি হিসাবে যোগদান করলেন মিজানুর রহমান

ঝিনাইদহ সদর থানায় নতুন ওসি হিসেবে যোগদান করেছেন মিজানুর রহমান। রোববার বিকেলে তিনি দায়িত্বভার গ্রহণ করেন। এ সময় সদর থানার ওসি (তদন্ত) এমদাদুল হক, ওসি (অপারেশন) আবুল খায়েরসহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

নতুন যোগদানকৃত ওসি মিজানুর রহমান ময়মনসিংহের আনন্দ মোহন বিশ্ববিদ্যালয় থেকে শিক্ষা জীবন শেষ করে ২০০০ সালে বাংলাদেশ পুলিশ বাহিনীতে উপ-পরিদর্শক হিসেবে যোগদান করেন। তার বাড়ি ময়মনসিংহের জেলা সদরে। তিনি ২০১৫ সালে পদোন্নতি পেয়ে নারায়নগঞ্জ জেলার ফতুল্লা থানায় ওসি হিসেবে কর্মরত ছিলেন।

তিনি ইতিপূর্বে ঢাকা রেঞ্জের নারায়নগঞ্জ জেলা সদর ও ফতুল্লা

থানায় সুনামের সঙ্গে দায়িত্ব পালন করেছেন। সর্বশেষ তিনি খুলনা রেঞ্জের ঝিনাইদহ জেলা সদরে নতুন ওসি হিসেবে যোগদান করেন।

রোববার তিনি যোগদান করে সাংবাদিকদের বলেন, আমি থানায় যোগদান করার পর কোনও নিরীহ লোক হয়রানির শিকার হবে না। থানায় অভিযোগ দিতে এসে কোন লোক পুলিশর খারাপ আচরণে ফেরত যাবে না।

ঝিনাইদহের পুলিশ সুপার মোঃ হাসানুজ্জামান (পিপিএম) এর নির্দেশ মোতাবেক সদর থানাকে মাদক, সন্ত্রাস, জঙ্গিমুক্ত করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। এছাড়াও আইনশৃঙ্খলার উন্নয়নে কাজ করতে সকলের সহযোগীতা কামনা করেন তিনি।

উল্লেখ্য, ঝিনাইদহ সদর থানায় সুনামের সাথে দায়িত্ব পালন শেষে পুলিশ বাহিনীর ভাবমূর্তি উজ্জল করতে বাংলাদেশ সরকারের পক্ষ থেকে সম্প্রতি সুদানে মিশনে পাঠানো হয়েছে বিদায়ী ওসি মঈন উদ্দিনকে।

ঝিনাইদহে স্টুডেন্টস কাউন্সিল নির্বাচন অনুষ্ঠিত

ব্যাপক উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে ঝিনাইদহের বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে স্টুডেন্ট্স কাউন্সিল নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। রোববার সকাল ৯টা থেকে ভোটগ্রহণ শুরু হয়ে চলে দুপুর ১টা পর্যন্ত।

শহরের খান এ খোদা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গিয়ে দেখা যায়, লাইনে দাঁড়িয়ে ক্ষুদে ভোটাররা তাদের ভোটাধিকার প্রয়োগ করছে।

শিশুদের মাঝে গণতন্ত্র চর্চার বিকাশে এই উদ্যোগ নেয়া হয়েছে বলে জানান জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা। জেলার ৯’শ ৭টি প্রাথমিক বিদ্যালয়ে এই নির্বাচন অনুষ্ঠিত হয়।

প্রত্যেক বিদ্যালয়ে পানিসম্পদ মন্ত্রী, আপ্যায়ন মন্ত্রী,